



২২ ডিসেম্বর ২০১৬

প্রেস রিলিজ

সিডও সনদের সাধারণ সুপারিশমালাঃ নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে ন্যায়বিচার নিশ্চিতকরণ

আজ ২২ ডিসেম্বর ২০১৬ ব্র্যাক ইন সেন্টার, ঢাকায় ইউএন ওমেন-এর সাহায্যে বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) -এর আয়োজনে সিডও সনদের সুপারিশমালাঃ নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে ন্যায়বিচার নিশ্চিতকরণ শীর্ষক প্রকাশনার প্রচারসভা অনুষ্ঠিত হয়েছে। জাতিসংঘ কর্তৃক গৃহীত নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিলোপ সনদ (সিডও)-এর সাধারণ সুপারিশমালা ১৯ ও ৩৩ এর বিশ্লেষণভিত্তিক প্রকাশনার প্রচারসভা ও বাংলাদেশে উহার প্রায়োগিক দিক ব্যাখ্যা করার উদ্দেশ্যে এই সভাটি আয়োজন করা হয়েছে। ব্লাস্ট সখি প্রকল্পের টিম লিডার নজরানা ইমান সিডও সনদের সাধারণ সুপারিশমালা ১৯ ও ৩৩ বিষয়ে ব্লাস্ট প্রকাশনাটির মূল বিষয়বস্তু উপস্থাপন করেন। উক্ত সভায় প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা মানবাধিকার কর্মী সুলতানা কামাল, বাংলাদেশ নারী প্রগতি সংঘের নির্বাহী পরিচালক রোকেয়া কবির, জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক সদস্য আরমা দত্ত এবং ইউএন ওমেন-এর কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ক্রিস্টিন হান্টার।

ইউএন ওমেন-এর কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ ক্রিস্টিন হান্টার বলেন, সিডও সনদের সাধারণ সুপারিশমালাসমূহ সনদের কার্যকর বাস্তবায়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সুপারিশমালাসমূহ নারীর প্রতি সকল প্রকার বৈষম্য বিশেষকরে নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে বাংলাদেশের আইন, নীতিমালা ও চর্চার মধ্যে কিভাবে প্রয়োগ করা যায় তা নিয়ে সংশ্লিষ্ট সকলকে আলোচনা করে ঠিক করতে হবে।

জাতীয় মানবাধিকার কমিশনের সাবেক সদস্য আরমা দত্ত বলেন, সিডও সনদের কার্যকর বাস্তবায়নের জন্য সনদের গুরুত্বপূর্ণ বিষয়গুলো সহজ ভাষায় ইলেকট্রনিক্স মিডিয়ায় বিশেষকরে মোবাইলের মাধ্যমে সর্বস্তরের মানুষের মধ্যে ছড়িয়ে দেয়া প্রয়োজন। বাংলাদেশ নারী প্রগতি সংঘের নির্বাহী পরিচালক রোকেয়া কবির বলেন, সংবিধানে সমতা ও বৈষম্যহীনতার নীতিতে যে সকল মানবাধিকার সন্নিবেশিত হয়েছে সাধারণ মানুষের সাংবিধানিক অধিকার রক্ষায় সেগুলোর যথাযথ বাস্তবায়নে আমাদেরকে কাজ করতে হবে।

তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা ও মানবাধিকার কর্মী সুলতানা কামাল বলেন, জনগণের পক্ষে সরকার সিডও সনদে স্বাক্ষর করে, তাই সিডও সনদ বাস্তবায়নে সরকার জনগণের নিকট দায়বদ্ধ। জনগণের নিকট সরকারকে জবাবদিহি করতে আমাদের ভূমিকা নিতে হবে।

ব্লাস্টের অবৈতনিক নির্বাহী পরিচালক ব্যারিস্টার সারা হোসেন-এর সঞ্চালনায় এই সভায় আইনজীবী, নারী অধিকার কর্মী, বেসরকারী সংগঠনের কর্মী ও গবেষকগণ অংশগ্রহণ করেন।



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

যোগাযোগে

মাহবুবা আজার

উপ-পরিচালক (এডভোকেসি ও কমিউনিকেশন)

মোবাইল: ০১৭৭৬০৬০১১৩

ইমেইল: mahbuba@blast.org.bd

নজরানা ইমান

টিম লিডার-সখি

মোবাইল: ০১৭৩২৬৪৪৪৪৪

ইমেইল: najrana@blast.org.bd